## প্রথম অধ্যায়

# চারু ও কারুকলার পরিচয়



### শিক্ষার্থীরা যা জানবে–

- চারু ও কারুকলার ধারণা
- ছবি আঁকার সূচনালগ্নের কথা
- কারুশিল্পের সূচনায় আদিম মানুষের ভূমিকা

### বিষয়–সংক্ষেপ

মানুষ তার আপন অনুভূতি প্রকাশ করতে চারু ও কারুশিল্পের বিকাশ ঘটায়। এটি সৃজনশীলতার অংশ। তাই চারু ও কারুশিল্পের সূচনা ও এর বিভিন্ন নিয়ম সম্পর্কে জানতে হবে। বিভিন্ন অনুষ্ঠানে এসব শিল্পের ব্যবহার হয়ে থাকে। চারব ও কারবকলার বিকাশের জন্য প্রাতিষ্ঠানিকভাবে এর চর্চা বাড়াতে হবে।

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. আদিম মানুষ কোথায় ছবি এঁকেছে?
ক কাগজে ● গুহার গায়ে গ দালানের দেয়ালে ঘ বাকলে

২. আদিম মানুষের ছবি আঁকার বিষয় কী ছিল?
ক নদী–নালা খ ঘর–বাড়ি ● জীব–জন্তু ঘ পাহাড়–পর্বত

৩. আদিম মানুষের আঁকা ছবি যে পাহাড়ের গুহায় প্রথম পাওয়া যায় তার নাম কী?
ক আল্পস পর্বত ● আলতামিরা
গ লাসকো ঘ হিমালয়

৪. আদিম মানুষ কেন ছবি আঁকত?
ক প্রদর্শনী করার জন্য খ ছবি বিক্রি করার জন্য
গ যাদু বিশ্বাসের জন্য ● পশু শিকারে সফল হবে বলে

৫. বাংলাদেশের বিখ্যাত লোকশিল্প কোনটি?
● নকশিকাঁথা খ কাসার থালা
গ তাঁতের শাড়ি ঘ তৈল চিত্র

৬. মাটি দিয়ে হাঁড়ি, পাতিল বানায় কারা?
● কুমার খ তাঁতি
গ কামার ঘ ছুতার

৭. জায়নামাজে কী ধরনের নকশা থাকে?
● মসজিদ ও মিনারের ছবি খ মানুষ ও হাট বাজারের দৃশ্য
গ শহর ও গ্রামের দৃশ্য ঘ পশু ও পাখির ছবি

### সংক্ষিপ্ত উত্তর প্রশ্নোত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ চারু ও কারুকলা বলতে কি বোঝায়?**
**উত্তর :** ছোট–বড় সকলেই মনের আনন্দের জন্য ছবি আঁকে। এই বিষয়টিই চারুকলা। মানুষের মনের ভাব প্রকাশের একটি মাধ্যম ছবি আঁকা। এই ছবি আঁকাই হলো চারুকলার প্রধান বিষয় ও পরিচয়। ছবি আঁকা হয় কাগজে, কাপড়ে, ক্যানভাসে, মাটির ফলকে, সিমেন্টের ফলকে, দেয়ালে, কাঠের পাটাতনে– এমনি বিভিন্ন বস্তুর ওপর। বিভিন্ন রকম নকশায় যেসব আসবাবপত্র তৈরি হয় সবই কারুশিল্প। বাঁশ, বেত দিয়ে আসবাবপত্র তৈরি হয়। এগুলোতে বিভিন্ন ধরনের নকশা থাকে। ঘরবাড়ির বড় বড় দরজার ওপর রয়েছে কাঠ খোদাই করে নানারকম ছবি, নকশা, ফুল, পাতা, পাখি, জীবজন্তু। বড় বড় খাট, পালঙ্ক ও বিছানায় দেখতে পাওয়া যায় অনেক কারুকাজ ও নকশা। এসবই কারুশিল্প।

**প্রশ্ন ॥ ২ ॥ শিল্পকলার সূচনা লগ্ন সম্পর্কে লেখ।**
**উত্তর :** শিল্পকলার উদ্ভব হয়েছে আজ থেকে হাজার হাজার বছর আগে সেই আদিম মানুষের হাতে। মানুষ তার চারপাশে যা দেখেছে তা–ই তার শিল্পমাধ্যমে ধরে রাখার চেস্টা করেছে। আজ থেকে প্রায় ৪০–৫০ হাজার বছর আগে ইউরোপে এই নতুন শিকারি মানুষের আবির্ভাব হয়েছিল। বিভিন্ন শিকারের দৃশ্য ও জীবজন্তুর ছবি তারা সবচেয়ে বেশি এঁকেছে। সেই থেকেই শিল্পকলার শুরব।

**প্রশ্ন ॥ ৩ ॥ চিত্রকলা ও শিল্পকলাকে আন্তর্জাতিক ভাষা বলা হয় কেন?**
**উত্তর :** ভাষা, সংস্কৃতি, জীবনযাপন প্রণালি প্রভৃতি স্থান ও ব্যক্তিভেদে বিভিন্ন রকম হয়। এক দেশের ভাষাভাষীদের অন্যদের ভাষা বুঝতে কস্ট হয়। কিন্তু চিত্রকলা ও শিল্পকলার সুবাদে এক দেশের বা এক যুগের মানুষের বক্তব্য অন্য দেশের লোকের বুঝতে কয়েক যুগ পরও কস্ট হয় না। ভাষা না বুঝলেও ছবির মাধ্যমে একজনের অনুভূতি অন্যজন বুঝতে পারে। এজন্যই চিত্রকলা ও শিল্পকলাকে আন্তর্জাতিক ভাষা বলা হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ গুহাচিত্র সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা দাও।**
**উত্তর :** সভ্যতার প্রথম ভাগে মানুষ তার মনের ভাব প্রকাশ করার জন্য বিভিন্ন বস্তুর উপর চিত্র আঁকত। সেই গুহাজীবন থেকেই শুরব করে মানুষ কত দিক থেকে কত ভাবে জয় করে এ শৃঙ্খল পৃথিবীকে। যাদু বিশ্বাস নিয়ে পাহাড়ের গায়ে বিচিত্র আঁচড় কেটে ছবি আঁকত আদিম মানুষেরা। গুহাচিত্রের ব্যাপারে ধারণা প্রতিষ্ঠিত হলো ১৮৭৯ সালে স্পেনের আলতামিরা গুহায় পাওয়া চিত্রকর্মের মাধ্যমে যা আবিষ্কার করেছিল পাঁচ বছরের একটি মেয়ে। পরবর্তীতে এ নিয়ে চলে তুমুল তর্কবিতর্ক, চলে গবেষণা প্রায় ষোলো বছর ধরে। আবার ১৮৯৫ সালে ওই স্পেনেই আবিষ্কার হলো আরেকটা গুহা। সেখানে দেখা গেল আরো অনেক আঁকাজোকা। পরবর্তীতে ফ্রান্স, স্পেন, উত্তর আফ্রিকা প্রভৃতি দেশের আদিম মানুষের আরও অনেক গুহাচিত্র পাওয়া গিয়েছে। যা হিসাব করে ধারণা করা হয়েছে কোনো কোনো ছবির বয়স খ্রিস্টপূর্ব ১০,০০০–৩০,০০০ বছর পর্যন্ত হওয়া সম্ভব।

# পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর। তাছাড়াও রয়েছে বিষয়ক্রম অনুযায়ী অভিজ্ঞ শিক্ষক প্রণীত বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর। যা যথাযথ অনুশীলন শিক্ষার্থীদের পরীক্ষার প্রস্তুতি সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**পাঠ-১ : চারুকলার পরিচয়** ➡ বোর্ড বই, পৃষ্ঠা ২

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **বর্তমানে সাধারণত নিচের কোনটিতে ছবি আঁকা হয়?** (অনুধাবন)
ক পাথরে খ বোর্ডে ● কাগজে ঘ কাপড়ে

২. **কোথায় গেলে পুরনো দিনের আঁকা ছবি বা সামগ্রীর সন্ধান পাওয়া যাবে?** (জ্ঞান)
ক রাজবাড়ীতে খ নভোথিয়েটারে
গ পার্কে ● জাদুঘরে

৩. **ছবি আঁকার জন্য কোন বস্তুটি আগের চেয়ে উন্নত করা হয়েছে?** (জ্ঞান)
ক ধাতব পেরট খ ক্যানভাস গ কাঠের পাটাতন ● মাটির ফলক

৪. **জলরং বলতে কী বোঝ?** (অনুধাবন)
● পানি মিশিয়ে যে রং তৈরি করা হয়
খ মোম মিশিয়ে যে রং তৈরি করা হয়
গ তেল মিশিয়ে যে রং তৈরি করা হয়
ঘ পানি ও তেল মিশিয়ে যে রং তৈরি করা হয়

৫. **মোম মিশিয়ে যে রং তৈরি করা হয় তাকে কী বলে?** (জ্ঞান)
ক জল রং খ তেল রং ● প্যাস্টেল রং ঘ অ্যাক্রেলিক

৬. **বড় শিল্পীরা ক্যানভাসে ছবি আঁকার জন্য যে রং ব্যবহার করেন তার নাম কী?** (জ্ঞান)
ক পোস্টার খ জল গ প্যাস্টেল ● তেল

৭. **কোন রংটি বাংলাদেশের শিল্পীদের কাছে বেশ জনপ্রিয়?** (জ্ঞান)
● অ্যাক্রেলিক রং খ তেলরং গ পোস্টার রং ঘ জলরং

৮. **কোন রঙে ছবি আঁকা বাচ্চাদের জন্য কঠিন?** (জ্ঞান)
ক প্যাস্টেল রং খ তেল রং গ জল রং ● অ্যাক্রেলিক রং

৯. **অ্যাক্রেলিক রঙে ছবি আঁকা ছোটদের জন্য কঠিন কেন?** (অনুধাবন)
ক তাড়াতাড়ি ছড়িয়ে যায় বলে ● তাড়াতাড়ি আঁকতে হয় বলে
গ পিচ্ছিল বলে ঘ গাঢ় বলে

১০. **চারুকলার প্রধান বিষয় কোনটি?** (জ্ঞান)
ক সংগীত খ নৃত্য ● ছবি আঁকা ঘ ভাস্কর্য নির্মাণ

১১. **পূর্বে মানুষ কীসে লিখত?** (জ্ঞান)
● তালপাতায় খ স্লেটে গ মাটিতে ঘ কাগজে

১২. **নিচের কোনটিতে ছবি আঁকা যায় না?** (অনুধাবন)
ক কাঠের পাটাতন খ দেয়াল
● পানি ঘ মাটির ফলক

১৩. **শিল্পী এস. এম. সুলতান ক্যানভাসে ছবি আঁকেন রঙের সাথে তেল ও তারপিন মিশিয়ে। তাঁর ব্যবহৃত রঙের নাম কী?** (প্রয়োগ)
ক জলরং ● তেলরং গ প্যাস্টেল রং ঘ পোস্টার রং

১৪. **রিমা প্যাস্টেল রং তৈরি করতে চায়। এ জন্য তার করণীয় কী?** (উচ্চতর দক্ষতা)
ক জলের সঙ্গে তেল মেশাতে হবে
খ তেলের সঙ্গে তারপিন মেশাতে হবে
● রঙের সঙ্গে মোম মেশাতে হবে
ঘ মোমের সঙ্গে তেল মেশাতে হবে

১৫. **আজকাল শিল্পীরা খুব তাড়াতাড়ি ছবি আঁকে। তারা কী ধরনের রঙ ব্যবহার করে?** (প্রয়োগ)
ক প্যাস্টেল রং ● অ্যাক্রেলিক রং গ তেলরং ঘ জলরং

১৬. **ছোটরা ছবিতে তাড়াতাড়ি রং করতে পারে না। তাদের জন্য কোন ধরনের রঙের ব্যবহার অনুচিত বলে তুমি মনে কর?** (উচ্চতর দক্ষতা)
ক প্যাস্টেল রং খ জলরং ● অ্যাক্রেলিক রং ঘ পোস্টার রং

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৭. **ছবি আঁকার জন্য তৈরি হচ্ছে–** (অনুধাবন)
i. নানা ধাতব পেরট বা জমিন ii. নানা ধরনের ক্যানভাস
iii. নানা ধরনের কাগজ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১৮. **ছবি আঁকা যেতে পারে–** (অনুধাবন)
i. কাগজে ii. কাপড়ে iii. ক্যানভাসে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১৯. **ছবি আঁকার প্রাথমিক পর্যায়ে সর্বাপেক্ষা উপযোগী–** (অনুধাবন)
i. জলরং ii. পোস্টার রং iii. অ্যাক্রেলিক রং
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২০. **আগের দিনে ছবি আঁকা হতো–** (অনুধাবন)
i. গাছের বড় পাতায় ii. তালপাতায়
iii. কাঠের পাটাতনে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. **ছোটদের জন্য ভালো রং হলো–** (অনুধাবন)
i. জল রং ii. মোম রং iii. পোস্টার রং
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

#### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
চারুকলা ক্লাসে শিক্ষক বলছিলেন, বর্তমানে নানা ধরনের কাগজ তৈরি হচ্ছে, ক্যানভাস তৈরি হচ্ছে, ধাতব প্লেট বা জমিন তৈরি করা হচ্ছে। মাটির ফলক এখন অনেক উন্নত হয়েছে।

২২. **অনুচ্ছেদে উল্লিখিত সরঞ্জাম তৈরি করা হয় কেন?** (প্রয়োগ)
ক বস্ত্র তৈরির জন্য খ কাগজ তৈরির জন্য
● ছবি আঁকার জন্য ঘ রং তৈরির জন্য

২৩. **উক্ত কাজের জন্য ব্যবহৃত হয়–** (উচ্চতর দক্ষতা)
i. কাচ ii. ক্যানভাস iii. রং
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ● i, ii ও iii

**পাঠ-২** ➡ বোর্ড বই, পৃষ্ঠা ২

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৪. **নিচের কোনটি ছবি ফুটিয়ে তোলার জন্য ব্যবহৃত হয়?** (অনুধাবন)
● হাতুড়ি খ ক্যামেরা গ কম্পিউটার ঘ চশমা

২৫. ছবি আঁকা কোন বিদ্যাচর্চার আওতাধীন? (জ্ঞান)
ক শিল্পকলা চর্চা ● চারবকলা চর্চা
গ কারবশিল্প চর্চা ঘ নৃত্যকলা চর্চা

২৬. বাংলাদেশের কোথায় চারুকলার প্রদর্শনীর সার্বক্ষণিক ব্যবস্থা রয়েছে? (জ্ঞান)
ক শিল্পকলাতে ● জাতীয় জাদুঘরে
গ নাটমন্ডলে ঘ টিএসসিতে

২৭. কোথায় গেলে কারুকলা বিষয়ের সঙ্গে পরিচয় ঘটবে? (জ্ঞান)
ক গ্যালারি ● জাদুঘর গ প্রদর্শনী স্থলে ঘ মেলায়

২৮. বাংলাদেশের শিশুদের ছবি বিশ্বের অনেক দেশেই পাঠানো হচ্ছে কেন? (জ্ঞান)
ক প্রদর্শনীর জন্য ● প্রতিযোগিতার জন্য
গ পুরস্কারের আশায় ঘ দেশের প্রতিনিধিত্বের জন্য

২৯. কোথায় ছবি প্রদর্শন করা হয়? [নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়]
ক টিএসসিতে খ পথে গ সিনেমা হলে ● গ্যালারিতে

৩০. রীমা একটি ছবি আঁকতে চায়। এক্ষেত্রে তার করণীয় কী? (উচ্চতর দক্ষতা)
ক নানারকম কলম ব্যবহার করতে হবে
খ ভালো কাগজ ব্যবহার করতে হবে
গ নানারকম আলোছায়া ও ক্যামেরার ব্যবহার জানতে হবে
● নানারকম পেনসিল, কলম, কাগজের ব্যবহার জানতে হবে

৩১. রবিন কিছু পেনসিল, কলম, কালি, ছুরি জোগাড় করেছে। এগুলো দিয়ে সে কোন ধরনের কাজ করতে পারবে? (প্রয়োগ)
ক পড়ালেখা করবে ● ছবি আঁকবে
গ পেপার কাটিং করবে ঘ সাজিয়ে রাখবে

৩২. আমরা যদি বিভিন্ন ছবি প্রদর্শনী করতে চাই তবে আমাদের করণীয় কী? (উচ্চতর দক্ষতা)
● বিভিন্ন গ্যালারিতে ব্যবস্থা করা খ বিশ্ববিদ্যালয় পরিদর্শন করা
গ ধনাঢ্য ব্যক্তির কাছে যাওয়া ঘ ছবি বিক্রির ব্যবস্থা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৩. বাংলাদেশে চারুশিল্পের প্রদর্শনী হয়– (অনুধাবন)
i. জাতীয় জাদুঘরে ii. গ্যালারিতে iii. ঢাকা বিশ্ববিদ্যালয়ে
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৪. বর্তমানে ছোটদের ছবি আঁকার জন্য– (অনুধাবন)
i. অর্থ সাহায্য প্রদান করা হচ্ছে
ii. প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে
iii. ছবির প্রদর্শনীর ব্যবস্থা করা হচ্ছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

৩৫. বাংলাদেশের শিশুদের ছবি বিশ্বের অনেক দেশে পাঠানো হচ্ছে– (অনুধাবন)
i. প্রতিযোগিতার জন্য ii. শখের বশে iii. পুরস্কারের জন্য
নিচের কোনটি সঠিক?
● i খ ii গ iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৬ ও ৩৭নং প্রশ্নের উত্তর দাও :
তপন ও তার কয়েকজন বন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারবকলা অনুষদে বেড়াতে আসে। সেখানে তারা গ্যালারিতে ছবি আঁকার উপকরণ, বিভিন্ন খ্যাতনামা শিল্পীর আঁকা ছবি দেখে।

৩৬. উক্ত গ্যালারিতে সার্বক্ষণিক কোন ধরনের প্রদর্শনীর ব্যবস্থা রয়েছে? (প্রয়োগ)
● চারবকলার খ কারবকলার গ নৃত্যকলার ঘ চিত্রকলার

৩৭. অনুচ্ছেদের তপন ও তার বন্ধদের দেখতে যাওয়া গ্যালারিতে সাধারণত– (উচ্চতর দক্ষতা)
i. ছবি প্রদর্শনী হয় ii. ছবি আঁকা হয় iii. ছবি রং করা হয়
নিচের কোনটি সঠিক?
● i খ ii গ iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ-৩ : কারুকলার পরিচয়

➨ বোর্ড বই, পৃষ্ঠা ৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৮. বিভিন্ন নকশায় তৈরিকৃত আসবাবপত্রকে কী বলা হয়? (জ্ঞান)
ক লোকশিল্প ● কারুশিল্প গ চারুকলা ঘ কাঠশিল্প

৩৯. কোনটি দিয়ে বাংলাদেশে চমৎকার কারুশিল্প হয়? (জ্ঞান)
ক রঙ ● বাঁশ–বেত গ হার্ডবোর্ড ঘ প্লাস্টিক

৪০. নিচের কোনটি কারুশিল্পের উদাহরণ? (অনুধাবন)
ক নকশিকাঁথা খ রঙিন পোশাক ● কাস্তে ঘ চিত্রকর্ম

৪১. কোনটি লোকশিল্পের অন্তর্গত? [ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● অলঙ্কার খ আসবাবপত্র গ হাঁড়ি–পাতিল ঘ বাখারি

৪২. আমাদের সামাজিক জীবনে কোনটির প্রভাব বেশি? (অনুধাবন)
ক কুটিরশিল্প খ পোশাকশিল্প গ চারুশিল্প ● কারুশিল্প

৪৩. কোনটি দিয়ে অলঙ্কার তৈরি হয়? (অনুধাবন)
ক কাঁসা ● রূপা গ পিতল ঘ চামড়া

৪৪. কোনটি লোকশিল্পের নিদর্শন? (অনুধাবন)
ক কলস খ হাঁড়ি ● মাটির পুতুল ঘ পাত্র

৪৫. নিচের কোনটি কারুশিল্প নয়? (অনুধাবন)
ক বাখারি খ কাস্তে গ হাঁড়ি ● ছবি

৪৬. ফুল ও গাছের নকশা কীসের মাধ্যমে কাঠে ফুটিয়ে তোলা হয়? [নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়]
ক কর্তন ● খোদাই গ অঙ্কন ঘ লিখন

৪৭. তুমি মার্কেটে গিয়ে কিছু রুপার অলঙ্কারের দোকান পেলে। উক্ত অলংকার কোন শিল্পের আওতাভুক্ত বলে মনে কর। (উচ্চতর দক্ষতা)
ক কারবশিল্প খ চিত্রশিল্প ● লোকশিল্প ঘ চারবশিল্প

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৮. বেতের তৈরি কারুশিল্পমন্ডিত আসবাবপত্র সমাদর পাচ্ছে– (অনুধাবন)
i. শৌখিন পরিবারে ii. অতিথিশালায়
iii. হোটেল–রেস্তোরাঁয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৪৯. লোকশিল্পের নিদর্শনগুলো হলো– (অনুধাবন)
i. পুতুলের ছবি ii. মাটির পুতুল
iii. নকশিকাঁথা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও ii

৫০. লোকশিল্প সাধারণত– [খুলনা জিলা স্কুল]
i. কারবশিল্পীদের তৈরি শিল্প
ii. সাধারণ মানুষের তৈরি শিল্প
iii. অভিজাত মানুষের তৈরি শিল্প
নিচের কোনটি সঠিক?
ক i ● ii গ iii ঘ i, ii ও ii

৫১. গ্রামীণ জীবনে ব্যবহৃত কারুশিল্পগুলো হলো– (অনুধাবন)
i. লাঙ্গল ii. কাস্তে
iii. মাটির হাঁড়ি–পাতিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ৫২ ও ৫৩নং প্রশ্নের উত্তর দাও :

জয়া কারবমেলায় গিয়ে বিভিন্ন রকম নকশা আঁকা আসবাবপত্র লব করে। বাঁশ, বেতের তৈরি বিভিন্ন জিনিসপত্রের পাশাপাশি কাঠের ওপর খোদাই করা ছবি, ফুল, পাতা, পাখিখচিত উপকরণ মেলার দোকানে সাজানো। এছাড়া মেলায় কারবশিল্পের বিপুল সমারোহ দেখা যায়। [ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

**৫২. অনুচ্ছেদের মেলায় কারুশিল্পের সমারোহ দেখা যায় কেন?**
ক প্রদর্শনীর জন্য
● বাংলাদেশি ঐতিহ্য ধরে রাখার জন্য
গ দর্শকদের আকৃষ্ট করার জন্য
ঘ দোকানের সৌন্দর্য বৃদ্ধির জন্য

**৫৩. উক্ত মেলায় পাওয়া যায়–** (উচ্চতর দৰতা)
i. বই, সাজের সামগ্রী
ii. খোদাই করা ছবি
iii. পাখিখচিত উপকরণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii   ● ii ও iii   ঘ i, ii ও iii

## ➲ পাঠ-৪ ➨ বোর্ড বই, পৃষ্ঠা ৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৪. কোনটি লোকশিল্পের অন্তভুক্ত নয়?** (অনুধাবন)
ক শখের হাঁড়ি   খ পোড়ামাটির পুতুল
● তেলরঙ   ঘ লক্ষ্মীসরা

**৫৫. বাজনার জন্য যেসব বাদ্যযন্ত্র তৈরি হয় সেগুলো কোন শিল্পের উদাহরণ?** (জ্ঞান)
ক চারবশিল্প   ● কারবশিল্প   গ লোকশিল্প   ঘ চিত্রশিল্প

**৫৬. বাদ্যযন্ত্রের গায়ে যেসব নকশা ও ছবি আঁকা হয় সেগুলো কোন শিল্পের অন্তর্ভুক্ত?** (জ্ঞান)
ক কারবশিল্প   খ চারবশিল্প   ● লোকশিল্প   ঘ চিত্রশিল্প

**৫৭. মূর্তা কী?** (জ্ঞান)
● গাছ   খ মূর্তি   গ পূজা   ঘ সাজ

**৫৮. কীভাবে শীতলপাটি তৈরি করা হয়?** (অনুধাবন)
ক গাছের লতা দিয়ে   ● মূর্তা গাছের সরব নরম ফিতা দিয়ে
গ মূর্তা গাছের আঁশ দিয়ে   ঘ বাঁশের বাকল দিয়ে

**৫৯. সুমন একটি শীতলপাটি তৈরি করে। পাটি তৈরি করার জন্য তাকে কোন ধরনের গাছ থেকে ফিতা সংগ্রহ করতে হয়েছে?** (প্রয়োগ)
ক পাট   খ ধান   গ বেত   ● মূর্তা

**৬০. শিকা তৈরির প্রধান উপকরণ কোনটি?** (জ্ঞান)
ক গুল্ম   ● পাট   গ মূর্তা   ঘ দড়ি

**৬১. শিকা তৈরি করে কারা?** (অনুধাবন)
ক আড়ংয়ের লোকেরা   খ শহরের মেয়েরা
গ কর্মচারীরা   ● গ্রামের মেয়েরা

**৬২. শিকা কী দিয়ে তৈরি করা হয়?** (জ্ঞান)
ক নলখাগড়া   ● পাট   গ দড়ি   ঘ সুতা

**৬৩. আজকাল পাটের আঁশ দিয়ে নানারকম ম্যাট তৈরি করা হচ্ছে। এগুলো সুন্দর করার জন্য কী করা উচিত?** (উচ্চতর দৰতা)
ক রঙ করা   ● কারবকাজ করা   গ ছবি আঁকা   ঘ ধূসর করা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৪. শহরে ও গ্রামে মেলা বসে–** (অনুধাবন)
i. পূজা উপলবে
ii. নববর্ষ উপলবে
iii. ঈদ উপলবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ● i, ii ও iii

**৬৫. পাটি হলো–** (অনুধাবন)
i. কারবশিল্প ও চারবকলার মিশ্রিত রূ প
ii. মৃৎশিল্প ও কারবশিল্পের মিশ্রিত রূ প
iii. কারু শিল্প ও লোকশিল্প মিশ্রিত রূ প
**নিচের কোনটি সঠিক?**
ক i   খ ii   ● iii   ঘ i, ii ও iii

**৬৬. শীতলপাটিতে নকশার মাধ্যমে ফুটিয়ে তোলা হয়–** (অনুধাবন)
i. জীবজন্তু
ii. ঘরবাড়ি
iii. ফুল ও গাছের নকশা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ● i, ii ও iii

**৬৭. পাটের আঁশ দিয়ে তৈরি হয়–** (অনুধাবন)
i. ব্যাগ
ii. শীতলপাটি
iii. টেবিলম্যাট
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   ● i ও iii   গ ii ও iii   i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬৮ ও ৬৯নং প্রশ্নের উত্তর দাও :**
রাসেল মায়ের সাথে বৈশাখী মেলায় গিয়েছিল। মেলায় সে দেখল পোড়ামাটির টেপা পুতুল, শীতল পাটি, সারেঙ্গী, ডুগডুগি বিক্রি হচ্ছে। এগুলোর মধ্যে শীতল পাটিকে অন্যান্য সামগ্রী থেকে তার আলাদা মনে হলো।

**৬৮. রাসেলের দেখা সারেঙ্গী কোন শিল্পের অন্তর্ভুক্ত?** (প্রয়োগ)
ক লোকশিল্প   ● কারবশিল্প   গ দারবশিল্প   ঘ চারবশিল্প

**৬৯. রাসেল শীতল পাটিকে মেলার অন্যান্য সামগ্রী থেকে আলাদা মনে করল কেন?** (উচ্চতর দৰতা)
ক এটি লোকশিল্পের অন্তর্ভুক্ত বলে
খ এটি কারবশিল্প বলে
● এটি লোকশিল্প ও কারবশিল্পের মিশ্রিত রূ প বলে
ঘ এটি চারবশিল্পের নিদর্শন বলে

## ➲ পাঠ-৫ ও ৬ : আদিম মানুষের শিল্পকলা ➨ বোর্ড বই, পৃষ্ঠা ৪

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭০. বাইসন কী?** (জ্ঞান)
● প্রাচীনকালের এক প্রকার জন্তু   খ এক প্রকার গাছ
গ রঙ তৈরির প্রক্রিয়া   ঘ এক প্রকার তুলি

**৭১. আদিম মানুষের কাছে ছবি আঁকা কীরূপ ছিল?** (অনুধাবন)
● যাদু বিশ্বাসের মতো   খ সৃজনশীল কাজ
গ জীবিকা নির্বাহের উপায়   ঘ বিলাসিতা

**৭২. আদিম মানুষ কী খেয়ে জীবন বাঁচাত?** (জ্ঞান)
ক চিড়া   খ সবজি   গ মাছ   ● মাংস

**৭৩. আদিম মানুষ কী দিয়ে পশু শিকার করত?** (জ্ঞান)
ক কৌশল   খ হাত   গ দল   ● হাতিয়ার

**৭৪. আদিম মানুষ কী দিয়ে তুলি বানাত?** (জ্ঞান)
● পশম   খ হাড়   গ নখ   ঘ কাপড়

**৭৫. আদিম মানুষ কোথায় ছবি আঁকত?** (অনুধাবন)
ক বাড়ির দেয়ালে   ● গুহার দেয়ালে
গ আসবাবপত্রে   ঘ কাগজে

৭৬. **কারা শিকারের ছবি আঁকত?** (জ্ঞান)
ক ছোট মানুষ  খ রাজা
গ খারাপ মানুষ  ● আদিম মানুষ

৭৭. **আদিম মানুষের আঁকা ছবি দেখে কী জানতে পারা যায়?** (অনুধাবন)
ক তাদের সমাজচিত্রের  ● তাদের জীবনধারণ প্রণালি
গ তাদের শাসননীতি  ঘ তাদের চাষবাস

৭৮. **আদিম মানুষদের একমাত্র কাজ কী ছিল?** (জ্ঞান)
ক ফসল উৎপাদন  খ ছবি আঁকা
গ খাবার সংগ্রহ  ● জীবজন্তু শিকার করা

৭৯. **আদিম মানুষের রং তৈরির উপায় কী ছিল?** (অনুধাবন)
ক গাছের বাকল গুঁড়া দিয়ে  খ মাটির সঙ্গে রং মিশিয়ে
● মাটির সঙ্গে চর্বি মিশিয়ে  ঘ গাছপালার পাতা জ্বাল দিয়ে রস করে

৮০. **আদিম মানুষেরা ঘর সাজানোর জন্য বিভিন্ন ছবি আঁকত না। এর প্রকৃত কারণ কী?** (উচ্চতর দক্ষতা)
ক কারণ তারা ছবি আঁকা পছন্দ করত না
খ কারণ পশু শিকারই তাদের একমাত্র কাজ ছিল
● কারণ তারা ঘর বানাতে শেখেনি
ঘ উপকরণ সহজলভ্য ছিল বলে

৮১. **বর্তমানে শিল্পীরা বিভিন্ন রকম রং নিজেরাই তৈরি করে। আদিম মানুষরা কীভাবে তা তৈরি করত?** (প্রয়োগ)
ক মাটি দিয়ে  খ মোম দিয়ে  গ চক দিয়ে  ● মাটি ও চর্বি দিয়ে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮২. **ঘরবাড়ি বানাতে জানত না–** (অনুধাবন)
i. আদিম যুগের মানুষ
ii. মধ্যযুগের মানুষ
iii. পাথরের যুগের মানুষ
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ ii  ● iii  ঘ i, ii ও iii

৮৩. **আদিম মানুষ পশু শিকারের জন্য ব্যবহার করত–** (অনুধাবন)
i. তীর
ii. পাথরের হাতিয়ার
iii. বর্শা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৮৪. **আদিম মানুষদের গুহার সন্ধান মেলে–** (অনুধাবন)
i. ব্রিটেনে  ii. ফ্রান্সে
iii. স্পেনে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

৮৫. **বিভিন্ন রকম অলঙ্কার তৈরিতে আদিম মানুষেরা ব্যবহার করত–** (অনুধাবন)
i. মাছের মেরুদণ্ডের কাঁটা  ii. হাড়ের টুকরো  iii. মাটি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮৬ ও ৮৭নং প্রশ্নের উত্তর দাও :**
রনি টিভিতে একটি প্রামাণ্যচিত্র দেখছিল। অনুষ্ঠানটিতে এক মানবগোষ্ঠীর জীবনযাপন প্রণালি উঠে এসেছে। রনি প্রামাণ্যচিত্রটি দেখে বুঝল এ মানুষরা গুহায় বাস করে মাংস খেয়ে জীবন বাঁচাত।

৮৬. **রনির দেখা প্রামান্যচিত্রে কোন মানবগোষ্ঠীর সন্ধান পাওয়া যায়?** (প্রয়োগ)
● আদিম  খ মধ্যযুগীয়  গ প্রাচীনযুগীয়  ঘ টারশিয়ারি

৮৭. **অনুষ্ঠানটিতে দেখানো মানবগোষ্ঠী পশু শিকার করত –** (উচ্চতর দক্ষতা)
i. রান্না করতে পারত না বলে  ii. খেয়ে বেঁচে থাকার জন্য
iii. হাড় সংগ্রহের জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i  ● ii  গ iii  ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮৮ ও ৮৯ নং প্রশ্নের উত্তর দাও :**
আদিম যুগের মানুষ জীবনধারণের জন্য পশু শিকারের ওপর নির্ভর করত। পশু শিকারের জন্য তারা বিভিন্ন ধরনের হাতিয়ার ব্যবহার করত। পরবর্তী সময়ে তারা এসব হাতিয়ারের উপর আঁচড় কেটে নানারকম ছবি ফুটিয়ে তুলতে শুরু করল। মেরুদন্ডের কাঁটা, হাড়ের টুকরো ইত্যাদি দিয়ে গলার হার তৈরি করতে শিখল। এভাবেই সূচনা হলো চারু ও কারুশিল্পের।

৮৮. **অনুচ্ছেদে উল্লিখিত আদিম মানুষেরা হাতিয়ার ব্যবহার করত কীসের জন্য?** (প্রয়োগ)
ক আত্মরক্ষার  খ শত্রুকে পরাস্ত করার
● পশু শিকারের  ঘ দক্ষতার উন্নয়নের

৮৯. **গলার হার তৈরি করতে উক্ত যুগের মানুষেরা ব্যবহার করত–** (প্রয়োগ)
i. মেরুদণ্ডের কাটা  ii. হাড়ের টুকরো  iii. লতাপাতা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯০ ও ৯১নং প্রশ্নের উত্তর দাও :**
কনা ও রমা দুই বোন। একদিন তারা বাবার সাথে একটি জায়গায় বেড়াতে যায়। সেখানে তারা একটি গুহায় প্রবেশ করে দেখতে পায় গুহার দেয়ালে এবড়োথেবড়ো ছবি।

৯০. **কনা ও রমার দেখা গুহাটি কোন যুগের?** (প্রয়োগ)
● আদিম  খ নবপোলীয়  গ টারশিয়ারি  ঘ বর্তমান

৯১. **উক্ত যুগের মানুষের ছবি আঁকার ধরন দেখে ধারণা পাওয়া যায়–** (উচ্চতর দক্ষতা)
i. তাদের জীবন ধারণের কথা  ii. ছবি আঁকার কথা
iii. কৃষিকাজের কথা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**➲ পাঠ : ৭ ও ৮**  ➠ বোর্ড বই, পৃষ্ঠা ৫

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৯২. **প্রাচীন যুগের ধ্বংসাবশেষ দেখে আদিম মানুষের কোন বিষয়টি সম্পর্কে জানা যাবে?** (অনুধাবন)
ক ভাষা  ● সমাজ–সংস্কৃতি  গ সভ্যতা  ঘ জ্ঞান

৯৩. **কোনটি সভ্যতা নয়?** (অনুধাবন)
ক মিশরীয়  খ ব্যাবিলনীয়  ● উনকা  ঘ মায়া

৯৪. **বর্ণ ছাড়া ভাষা বোঝার মাধ্যম কোনটি?** (জ্ঞান)
● ছবি  খ চোখ  গ হাত  ঘ মন

৯৫. **চিত্রকলাকে কোন ধরনের ভাষা বলা যায়?** (অনুধাবন)
ক লিখিত  খ মৌখিক  ● আন্তর্জাতিক  ঘ প্রমিত

৯৬. **তিন্নি ভিন্ন ভিন্ন দেশের মানুষের ইতিহাস জানতে চায়। এক্ষেত্রে তার করণীয় কী?** (উচ্চতর দক্ষতা)
ক ভাষা পর্যবেক্ষণ  খ পোশাক পর্যবেক্ষণ
● চিত্রকলা পর্যবেক্ষণ  ঘ সংস্কৃতি পর্যবেক্ষণ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৯৭. **পৃথিবীর সকল মানুষকে গেঁথে দিতে পারে–** (অনুধাবন)
i. কর্ম  ii. ভাষা  iii. চিত্রকলা
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ ii  ● iii  ঘ i ও iii

**৯৮. আমরা সভ্যতার কথা জানতে পারি–** (অনুধাবন)
i. চিত্রকলার মাধ্যমে ii. স্থাপত্য শিল্পের মাধ্যমে
iii. ভাস্কর্য শিল্পের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৯৯. পৃথিবীর ইতিহাসে বিবর্তমান সভ্যতাগুলো হলো–** (অনুধাবন)
i. ব্যাবিলনীয় সভ্যতা ii. উনকা সভ্যতা
iii. মিশরীয় সভ্যতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১০০. বিলীয়মান সভ্যতার কথা জানতে হলে করণীয়–** (উচ্চতর দক্ষতা)
i. স্থাপত্যকলার ইতিহাস জানা
ii. চিত্রকলার ইতিহাস জানা
iii. বইপুস্তক পড়া
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০১ ও ১০২নং প্রশ্নের উত্তর দাও :**
মানুষের সৃষ্টি থেকে বর্তমান পর্যন্ত কত কোটি বছর কেটে গেছে তার কোনো হিসাব নেই। এর মধ্যে কত জাত–বংশ, বর্ণের মানুষ, কারা কোথায় বসবাস করত, তারও ইতিহাস নেই।

**১০১. অনুচ্ছেদে কোন মানুষদের কথা বলা হয়েছে?** (প্রয়োগ)
● আদিম খ বর্তমান গ এ্যাসিরিও ঘ ব্যাবিলনীয়

**১০২. উক্ত মানুষদের ইতিহাস জানার উপায়–** (উচ্চতর দক্ষতা)
i. চিত্রকলা ii. ভাস্কর্য
iii. কারুশিল্প
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ● i, ii ও iii

## অভিজ্ঞ বিষয়শিক্ষক প্রণীত সংক্ষিপ্ত উত্তর প্রশ্নোত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ আদিম মানুষরা কীভাবে ছবি আঁকত ব্যাখ্যা কর।**
**উত্তর :** আদিম মানুষরা তাদের নিজস্ব পদ্ধতিতে ছবি আঁকত। আদিম মানুষরা আমাদের মতো এত সুন্দর তুলি বানাতে পারত না। পশুর শক্ত হাড় সুচালো করে তা দিয়ে আঁচড় কেটে রেখা টানত। জীবজন্তুর পশম একসঙ্গে বেঁধে তুলি বানাত, আর রঙ তৈরি করত নানা রঙের মাটির সঙ্গে চর্বি মিশিয়ে। আর অবাক কাণ্ড–হাজার বছর পরও এসব ছবির রঙ, রেখা এখনও খুব সুন্দর ও অক্ষত রয়েছে।

**প্রশ্ন ॥ ২ ॥ আদিম মানবগোষ্ঠী কীভাবে চারু ও কারুশিল্পের সূচনা করেছিল?** [ভি. জে. সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা]
**উত্তর :** আদিম মানুষ পশু শিকারের জন্য পাথরের তৈরি বিভিন্ন হাতিয়ার ব্যবহার করত। একপর্যায়ে এসব হাতিয়ারের গায়ে আঁচড় কেটে তারা নানারকম ছবি ফুটিয়ে তুলত। এমনকি তারা মাছের মেরুদণ্ডের কাঁটা, হাড়ের টুকরো ইত্যাদি দিয়ে গলার হাড় তৈরি করত। সেখান থেকেই কারুশিল্পের শুরু। এভাবে আদিম মানবগোষ্ঠী চারু ও কারুশিল্পের সূচনা করেছিল।

**প্রশ্ন ॥ ৩ ॥ প্রাচীন মানবগোষ্ঠীর জীবন-প্রণালি কীভাবে জানা সম্ভব লিখ।**
**উত্তর :** আদিম যুগের মানুষের সময়কাল কয়েক হাজার বছর কেটে গেছে। পৃথিবীর অনেক উত্থান–পতন হয়েছে। অনেক জাতি, অনেক সভ্যতা বিলীন হয়ে গেছে। সব সভ্যতার কথা না জানলেও অনেক সভ্যতার কথা আমরা জানি। আর এগুলো চিত্রকলা, ভাস্কর্য, স্থাপত্য, কারুশিল্পের মাধ্যমে জানা যায়। বিভিন্ন ধ্বংসাবশেষে অঙ্কিত চিত্র, ভাস্কর্য ও স্থাপত্য নিদর্শন থেকেই প্রাচীন মানবগোষ্ঠীর চাল–চলন, সমাজ–সংস্কৃতি ও জীবনযাপন প্রণালি জানতে পারা যায়।